

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন শাখা-১
www.mole.gov.bd

নং-৪০.০০.০০০০.০২০.৩৮.১৯৩.২০১৪-৪৭০

তারিখঃ ২৬-১১-২০১৮ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মো: আরিফুজ্জামান, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়নগঞ্জে (বর্তমানে উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশালে কর্মরত) কর্মকালীন সময়ে ৩য় শ্রম আদালত, ঢাকা বরাবর বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ৩০৩ (ঙ) ও ৩০৭ ধারা মোতাবেক বি এল এল (ফৌজদারি) মামলা নং-৫১০/২০১৭ দায়ের করেন। মাননীয় আদালত উক্ত মামলার অভিযোগপত্র পর্যালোচনা করে আসামী নুরে আলম এর বিরুদ্ধে লঞ্জিত ধারা ও লঞ্জনের বিবরণ উল্লেখ না করে একটি অসম্পূর্ণ অভিযোগপত্র দাখিল করার কারণে আসামীকে অহেতুক আদালতে উপস্থিত হয়ে জামিনের আবেদনসহ মামলা হতে অব্যাহতির আবেদন করতে হয়েছে মর্মে তার আদেশে উল্লেখ করেন। মাননীয় আদালত একে পেশাগত ত্রুটি হিসেবে উল্লেখ করে জনাব মো: আরিফুজ্জামান এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এ পরিপ্রেক্ষিতে জনাব মো: আরিফুজ্জামান এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২ (এফ) অনুযায়ী অসদাচরন এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর-১/২০১৮ রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে তিনি সচিব মহোদয় বরাবর ব্যক্তিগত শুনানি চেয়ে আপিল আবেদন করেন। গত ১৫-১১-২০১৮ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় সচিব মহোদয় তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করেন। শুনানিকালে তিনি বলেন যে, তার উপর অর্পিত দায়িত্ব দক্ষতা ও নিষ্ঠার সাথে পালন করে আসছেন। নৈতিকতার বিচ্যুতি ঘটে এমন কোন কাজ তিনি জ্ঞাতসারে করেননি। তার পিতা গুরুতর অসুস্থ থাকায় তিনি মানসিকভাবে বিমর্ষ ও দুশ্চিন্তাগ্রস্ত ছিলেন। তিনি চাকরিতে নতুন হওয়ায় অভিজ্ঞতার ঘাটতি থাকায় এবং একই সময়ে ২৪টি অভিযোগ আদালতে দাখিল করায় অনিচ্ছাকৃত ভুলটি সংঘটিত হয়েছে মর্মে তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক বিবেচনায় তার আপীল আবেদনটি মঞ্জুর করা হলো।

সেহেতু কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়নগঞ্জ (বর্তমানে উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশালে কর্মরত) তার অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করায় তাকে সতর্ক করে ০১/২০১৮ নং বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-

(আফরোজা খান)

সচিব


শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

তারিখঃ ২৬-১১-২০১৮ খ্রিঃ

নং-৪০.০০.০০০০.০২০.৩৮.১৯৩.২০১৪-৪৭০/১৫৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল/নারায়নগঞ্জ।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বরিশাল।
- ৬। জনাব মো: আরিফুজ্জামান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল।


(দিল আফরোজা বেগম)
উপসচিব (সংস্থাপন-১)
ফোনঃ ৯৫৭৭১৪০